

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২-৩৬২

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩
০৯ জুলাই ২০২৬

বিষয়: উদ্যোক্তা ঋণ অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট উপপরিচালকগণের সুপারিশক্রমে নিম্নোক্ত সুফলভোগীদের নামের পার্শ্বে উল্লেখিত পরিমাণ উদ্যোক্তা ঋণ বর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন করা হলো।

ক্র. নং	সদস্যের নাম, আইডি নং, এবং পিতা/স্বামীর নাম	সমিতির নাম	উপজেলা ও জেলা	জমাকৃত সঞ্চয়	আইজিএ	আবেদনকৃত ঋণের পরিমাণ	অনুমোদিত ঋণের পরিমাণ
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	রহিমা (১০০৪১৯-০৩-১৮) পিতা/স্বামী: মোঃ জাকির	জয়নগর পল্লী উন্নয়ন মহিলা সমিতি	বামনা বরগুনা	২৬১৪৫	গাভী পালন	১৭০০০০	১৭০০০০
০২	হাওয়া বেগম (১০০৪১৯-২৬-১০) পিতা/স্বামী: শেখ মোহাম্মদ নাজম	কলাগাছিয়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	বামনা বরগুনা	১৪০৯২	গবাদী প্রাণি পালন	১২৫০০০	১২৫০০০
০৩	হনুফা বেগম (১০০৪১৯-০৪-৭৬) পিতা/স্বামী: মোঃ এমাদুল	জফ্রাখালী পল্লী উন্নয়ন মহিলা সমিতি	বামনা বরগুনা	২৭৭৭৯	গাভী পালন	১৫০০০০	১৫০০০০
০৪	বিউটি (৪০৫৭৫৭-০৫৭-০১) পিতা/স্বামী: সোয়েব	বড়খড়ি মধ্যপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	সদর মাগুরা	২৪০৭৭	মাশরুম চাষ	১৫০০০০	১৫০০০০
০৫	নাসরিন খাতুন (৪০৫৭৫৭-৭৪-০৯) পিতা/স্বামী: সাহারুল ইসলাম	শেখপাড়া পূর্বপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	সদর মাগুরা	১৫৪৬১	গাভী পালন	১২৫০০০	১২৫০০০
০৬	মাবিয়া বেগম (৪০২৮৫২-৩৬-২৭) পিতা/স্বামী: মোঃ আনিচুর রহমান	লোহাগড়া পোদ্দারপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতি	লোহাগড়া নরাইল	২৫১৯৩	সেলাই মেশিন	১২৫০০০	১২৫০০০
০৭	বিলকিস খাতুন (৪০১৪৮০-০৫৮-০৩৪) পিতা/স্বামী: আলতাভ হোসেন	১নং চাদপুর পল্লী উন্নয়ন মহিলা সমিতি	শৈলকুপা ঝিনাইদহ	১২৭১৪	পান চাষ	১২৫০০০	১২৫০০০
মোট						৯৭০০০০	৯৭০০০০

(মাত্র নয় লক্ষ সত্তর হাজার টাকা)


শর্তবলী:

০১. অত্র দপ্তরের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯ তারিখ: ২৩.০২.২০২২ মূলে জারিকৃত প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৬ হতে ৫.২৪ নং পর্যন্ত শর্তবলী যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে;
০২. উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলার বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিবিড় মনিটরিং করবেন;
০৩. মঞ্জুরীকৃত ঋণ উদ্যোক্তার ব্যাংক হিসাবে কেবলমাত্র একাউন্ট পেয়ী চেক অথবা কম্পিউটার প্রিন্ট অ্যাডভাইসের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই ঋণ গ্রহীতাকে নগদ বা বাহক চেক মারফত ঋণ প্রদান করা যাবে না;



০৪. জনপ্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/ জেলা প্রশাসক/উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ঋণ বিতরণ পূর্বক ছবি সংরক্ষণ ও সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
০৫. মঞ্জুরীকৃত ঋণ প্রস্তাবিত আইজিএ/প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না।
০৬. প্রদত্ত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক প্রকল্পের ছবি প্রেরণ করতে হবে;
০৭. ঋণ বিতরণের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;
০৮. ঋণ বিতরণ, আদায় ও পোস্ট ডেটেড চেকগ্রহণ সংক্রান্ত অত্র দপ্তর হতে স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২০৭৮ তারিখ: ০৭.১০. ২০২৪ খ্রি.স্মারক নং- ৪৭.৬২.০০০০.১৪.৪০৪.১৩.২০৮৮ তারিখ:-০৮.১০.২০২৪ খ্রি. ও স্মারক নং-৪৭.৬২.০০.৯৬৬.০৬.০০৪.২১.১০৩ তারিখ: ২৬/০২/২০২৬ মূলে জারীকৃত পত্রসহ এই সংক্রান্ত সকল নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন পূর্বক সঠিকভাবে সংশ্লিষ্ট উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ঋণ বিতরণ নিশ্চিত করবেন;
০৯. অত্র দপ্তর হতে প্রদত্ত নমুনা মোতাবেক কার্যক্রমের সাইনবোর্ড প্রত্যেক ঋণ গ্রহীতা সুফলভোগীর বাড়ীতে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে;
১০. পরবর্তীতে যে সকল মাঠ সংগঠকের রুকে উদ্যোক্তা ঋণ কিস্তি খেলাপি ১০% এর বেশি বা মেয়াদোত্তীর্ণ খেলাপি পাওয়া যাবে, সে সকল মাঠ সংগঠকের উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হবে না।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা:-....., জেলা:.....।


মোঃ আবদুস সবুর
উপপ্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২- ৩ ৬ ২

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩
০৯ জুলাই ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০২. উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
০৩. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা)
০৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
০৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি (সংশ্লিষ্ট উপজেলা)
০৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, (সংশ্লিষ্ট উপজেলা)
০৮. অফিস নথি/গার্ড ফাইল।


মোঃ হেলাল উদ্দিন
সহকারী পরিচালক
ফোন: ০২-৪১০১০৩